# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

সার্কুলার নং ১৫-এ,

তারিখঃ ০৯/০৪/২০০৯ খ্রি

**বিষয়ঃ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটদের (প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/স্পেশাল ম্যাজিস্ট্রেট) বার্ষিক গোপনীয় প্রতিবেদন লিপিবদ্ধ করণ সংক্রান্ত।**

অত্র কোর্টের গত ২৭/১১/২০০৭ খ্রি তারিখের ৭ নং সার্কুলারটি আংশিকভাবে সংশোধন ক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটদের (প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/স্পেশাল ম্যাজিস্ট্রেট) বার্ষিক গোপনীয় প্রতিবেদনের ৪০% সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এবং অবশিষ্ট ৬০% সংশ্লিষ্ট দায়রা জজ/মহানগর দায়রা জজ অত্র কোর্ট কর্তৃক সরবরাহকৃত **Form No. (M) 40-A**- তে লিপিবদ্ধ করিবেন।

উল্লেখ্য যে, এখন হইতে অত্র কোর্ট কর্তৃক সরবরাহকৃত Form No. (M) 41 অতিরিক্ত মহানগর দায়রা জজদের জন্য, Form No. (M) 41-A চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটদের জন্য এবং **Form No. (M) 40** জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটদের (২য় ও ৩য় শ্রেণী) বার্ষিক গোপনীয় প্রতিবেদন লিপিবদ্ধ করণের ক্ষেত্রে ব্যবহৃত হইবে।

ইহা অবিলম্বে কার্যকর হইবে।

আদেশক্রমে

স্বা/-

**(আবু বকর সিদ্দিকী)**

রেজিস্ট্রার।